

## শেকুবিবির বিতর্কিত পরীক্ষা ধামাচাপা দেয়ার চেষ্টা

**শেকুবি প্রতিনিধি**

২৪ জানুয়ারি অনুষ্ঠিত শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) চলতি শিকাবর্ষের ভর্তি পরীক্ষার প্রথমত্র ফাঁস ও নানা অভিযোগের মুখা দিয়ে অনুষ্ঠিত হলো বিশ্ববিদ্যালয় প্রশাসন এ বিষয়ে কোনো উদ্যোগ নেয়নি। একই সঙ্গে নানা গোপনীয়তা ও স্বশাসনকল্পে বিষয়টি ধামাচাপা দেয়ার চেষ্টা করছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এদিকে ওক্রেবার তেজগাঁও কলেজ, সরকারি বাংলা কলেজ ও নিরপূর্ণ গার্লস আইডিয়াল কলেজ ইন্সটিটিউট থেকে মোবাইলে উত্তরপত্রের এসএমএস ও কয়েকটি জাল প্রবেশপত্রসহ আটক ৫৫ জনের মধ্যে তিনজনকে অজ্ঞাত কারণে ছেড় দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। অন্যদিকে শেরেবাংলা নগর থানায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের বানী হয়ে করা এক মানসায় এসএমএসে উত্তরপত্র পাওয়ার কথা উল্লেখ থাকলেও এ বিষয়ে কোনো উদয় কর্মিটি গঠন করেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। এতে পরীক্ষার্থী ও অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করেন। বরিশাল থেকে আসা পরীক্ষার্থী আমাতুল

ফেরদাউসের বাবা কবির আহমেদ যুগান্তরকে বলেন, তেজগাঁও কেছে আমার মেয়ে পরীক্ষা দিয়েছে আমার মনেই হয়নি সেখানে কোনো বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা চলছে। আমরা মেখেছি একসঙ্গে পরীক্ষা ও সাইক্লিক অনুষ্ঠান চলছে। এছাড়া পরীক্ষার হলে স্বাক্ষরীণ ক্যাডারদের প্রবেশ করতেও মেধা গেছে। মাদননিরহট থেকে আসা পরীক্ষার্থী তানজির আহমেদ জানান, আমাদের হলে যে কমরুন পরীক্ষা নিয়েছি তার মধ্যে বেশ কয়েকজনকে পরীক্ষার হলে মোবাইল ব্যবহার করতে মেখেছি। আমরা সাধারণ শিকার্থীরা এমন অমান্যপূর্ণ ভর্তি পরীক্ষা কতিপের দাবি জানাচ্ছি। এ ব্যাপারে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জানান, আমি ওনেছি আটক করা শিকার্থীদের কাছে প্রাপ্ত এসএমএসের সঙ্গে উত্তরপত্রের মিল নেই। এছাড়া তেজগাঁও কেছে যা ঘটেছে সে ব্যাপারে আমি কিছু জানি না। বিশ্ববিদ্যালয়ের প্রটর ড. মোফাজ্জল হোসেনের সঙ্গে কথা বলতে চাইলে তিনি কথা বলতে রাজি হননি।